

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কেন্দুয়া, নেত্রকোণা
www.acl.kendua.netrokona.gov.bd

স্মারক নং: ৩১.৪৫.৭২৪৭.০১৩.৩৩.০০৩.২৪-২৭৬০/৩

তারিখ: ২৬ নভেম্বর ২০২৪খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল সর্বসাধারণের অবগতির জন্য জানানো যে, নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন বর্ণিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিলামে বিক্রি করা হবে। উক্ত নিলামে আগ্রহী ক্রেতাদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

নিলামে বিক্রয়ের ভবনাদির বিবরণ:

ক্রম	উপজেলা	ভবনের বিবরণ	নিলামের তারিখ ও সময়	মন্তব্য
০১	কেন্দুয়া	উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন	তারিখ: ০৫ ডিসেম্বর ২০২৪ সময়: সকাল ১১.০০ ঘটিকা	

নিলাম ডাকের শর্তাবলী:

- ০১। নিলাম কমিটির সম্মুখে নিলাম অনুষ্ঠিত হবে।
- ০২। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ডাককারীকে নিলামকৃত অবকাঠামো সরেজমিনে দেখে নিতে হবে।
- ০৩। আগ্রহী প্রার্থীগণ নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বেই নিলাম কমিটির নিকট বিডি বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা (ফেরত যোগ্য) জমা প্রদান করে নাম-ঠিকানা অন্তর্ভুক্ত করতে হবে।
- ০৪। আগ্রহী প্রার্থীগণ নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য ৫০০/- টাকা (অফেরত যোগ্য) জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ০৫। ডাকের সমুদয় অর্থ এবং ১৫% ভ্যাট ও ১০% হারে আয়কর জমা দিতে হবে।
- ০৬। কার্যাদেশ দেওয়ার পর ১৫ (পনের) দিনের মধ্যে অবকাঠামো অপসারণ না করলে নিলাম কার্যাদেশ বাতিল বলে গন্য হবে।
- ০৭। নিলাম কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মাহমুদুল হোসান)

সহকারী কমিশনার (ভূমি)
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নং: ৩১.৪৫.৭২৪৭.০১৩.৩৩.০০৩.২৪-২৭৬০/৩

তারিখ: ২৬ নভেম্বর ২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা।
- ০৩। উপজেলা প্রকৌশলী, কেন্দুয়া, নেত্রকোণা।
- ০৪। অফিস কপি।



সহকারী কমিশনার (ভূমি)
কেন্দুয়া, নেত্রকোণা